



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঋণ আদায় বিভাগ।



ফোন : ০২-৯৫৬৩১৬৫; ই-মেইল : dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/৩৩৭

তারিখঃ ০২-১১-২০২১ খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয়ঃ নবান্ন উৎসব উপলক্ষ্যে ১৬ নভেম্বর থেকে ০১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর ২০২১ তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন' অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসন্ন অগ্রহায়ণ মাস নবান্নের মাস। এ সময়ে বাংলার প্রধান ফসল আমন ধান বিক্রির মাধ্যমে কৃষকদের হাতে নগদ অর্থের আগমন ঘটে। আবার মৌসুমি ফসল উৎপাদনের জন্য কৃষকের নগদ অর্থের প্রয়োজন হয়। সুতরাং, এ সময়ই ঋণ বিতরণ ও ঋণ আদায়ের উপযুক্ত সময়। আসন্ন আমন ফসল কর্তনের মৌসুমে অত্যন্ত সচেতনতা, আন্তরিকতা ও পরিশ্রমের মাধ্যমে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলের সচেতন হওয়া প্রয়োজন। এ উদ্দেশ্যকে বিবেচনায় রেখে ১৬ নভেম্বর থেকে ০১ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর ২০২১ তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন অনুষ্ঠান' আয়োজন এবং ০১ ডিসেম্বর ২০২১ তারিখে মহাক্যাম্প আয়োজনপূর্বক ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। ২০২১-২০২২ অর্থবছরের ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৭তম সপ্তাহ শেষে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৫৫৭৫.০০ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৩৩৬৪.৪১ কোটি টাকা, হার ২২%; আনুপাতিক লক্ষ্যমাত্রা ৫০৯১.৫৩ কোটি টাকার তুলনায় ১৭২৭.১২ কোটি টাকা কম এবং বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০৮১৩.০৭ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ২৩৮৫.২৩ কোটি টাকা, হার ২২%; আনুপাতিক লক্ষ্যমাত্রা ৪৫৯৭.৬১ কোটি টাকার তুলনায় ২২১২.৩৮ কোটি টাকা কম এবং তা মোটেই সন্তোষজনক নয়। ঋণ বিতরণ ও আদায়ের উপরোক্ত নাজুক পরিস্থিতি কাটিয়ে আগামী ০১-১২-২০২১ তারিখের মধ্যে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে 'নবান্ন' উৎসব উপলক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে বিভিন্ন খাতে লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-১ অনুযায়ী নির্ধারণ করা হলো। ০১ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিতব্য মহাক্যাম্পের লক্ষ্যমাত্রা পরবর্তীতে প্রদান করা হবে। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে আগামী ০৪-১১-২০২১ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে বন্টন করে দিবেন।

০৩। মাঠ পর্যায়ে ব্যাংকের গৃহীত যে কোন কর্মসূচির সফল বাস্তবায়ন মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, অঞ্চল প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানের গতিশীল নেতৃত্ব, তাত্ক্ষণিক যথাযথ নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় তদারকির উপর বহুলাংশে নির্ভরশীল বিধায় এ কর্মসূচির সফল বাস্তবায়নের দায়-দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত করা হলো। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কর্মসূচি সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ এবং ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে তাঁদের প্রজ্ঞা ও অভিভূতার আলোকে কর্পোরেট শাখা/শাখাসমূহকে যথোপযুক্ত দিক নির্দেশনা প্রদান করবেন এবং কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির তদারকি কার্যক্রম জোরদার করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নে কার্যালয়ে কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবেন।

০৪। “নবান্ন উৎসব” কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ

(ক) আমানত সংগ্রহঃ

ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকাণ্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে আমানত সংগ্রহ অপরিহার্য। সুদবিহীন/কম সুদবাহী আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। নতুন প্রবর্তিত ৬টি আমানত স্কীম খোলাসহ ৫(পাঁচ) লক্ষ নতুন সুদমুক্ত/কম সুদবাহী আমানত হিসাব খোলার জন্য ইতোপূর্বে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যে নির্দেশনা প্রদান করেছেন তা উক্ত কর্মসূচি চলাকালে শতভাগ অর্জনের জন্য পুনরায় পরামর্শ দেয়া হলো। ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক আমানত সংগ্রহ কর্মসূচী বাস্তবায়নে ১৭-০৮-২০২১ তারিখের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিপত্র নং-০৩/২০২১ অনুসরণ করতে হবে।

চলমান পাতা-০২

৬

(খ) ঋণ বিতরণ :

- (১) ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ অপরিহার্য। শস্য, মৎস্য, প্রাণিসম্পদ (Core Sector) ও চলতি মূলধন ঋণের খাতসহ অন্যান্য সকল খাতে গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে নবান্ন উৎসব উপলক্ষ্যে নির্ধারিত ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;
- (২) সকল প্রণোদনা প্যাকেজ এর আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে;
- (৩) বর্গাচাষী ও ভূমিহীন কৃষকদের অনুকূলে ঋণ বিতরণের সহজীকরণ নীতিমালার আলোকে দ্রুততা ও স্বচ্ছতার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;
- (৪) সিএমএসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;
- (৫) এসএমই (SME) ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ঋণ আদায় :

- (১) শ্রেণীকৃত ঋণ আদায়ঃ নবান্ন উৎসব আয়োজনকালীন সময়ে শ্রেণীকৃত ঋণ (CL) বিশেষ করে মন্দ/ক্ষতি (BL) ঋণ আদায়ে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।
- (২) শ্রেণীযোগ্য ঋণ আদায়ঃ নবান্ন উৎসব উপলক্ষ্যে শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1 নিয়মিত+পুনঃতফসিলকৃত) আদায়ের নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। ২০২১-২০২২ অর্থ বছরে শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫১৬২.৮৭ কোটি টাকা, যা বিগত অর্থ বছরগুলোর তুলনায় বেশী। উল্লিখিত শ্রেণীযোগ্য-২ (WCL-2) ঋণের কোন অংশ যাতে আগামী ৩০-০৬-২০২২ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণে পরিণত না হয় সে লক্ষ্যে এখন থেকেই শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদয় নির্দেশনা প্রদান করেছেন;
- (৩) দ্বিগুণের আওতায় আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণঃ উক্ত খাতে ঋণ হিসাবসমূহে আসলের সমপরিমাণ সুদ ধার্য হওয়ায় ঋণসমূহ আদায়ে বিশেষ গুরুত্বারোপ করে নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে।
- (৪) পুনঃতফসিলকৃত ঋণ আদায়ঃ পুনঃতফসিলকৃত ঋণসমূহ ব্যাংকের নন পারফরমিং এ্যাসেট বিধায় এ ঋণসমূহ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডিসেম্বর/২১ এর মধ্যে অবশ্যই জুন/২১ ভিত্তিক পুনঃতফসিলকৃত ঋণ স্থিতির অধেক আদায় নিশ্চিত করতে হবে।
- (৫) অবলোপনকৃত ঋণ আদায় ও ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরঃ ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে;
- (৬) সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তিকরণঃ সার্টিফিকেট আদালতের বাইরে মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকের সাথে ব্যক্তিগত নিবিড় যোগাযোগের মাধ্যমে শাখার উল্লেখযোগ্য সংখ্যক সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা নিতে হবে।
- (৭) নোটিশ জারীঃ শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ নিশ্চিত করতে হবে। নবান্ন উৎসব উপলক্ষ্যে জারীযোগ্য নোটিশ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের নিকট ০৪-১১-২০২১ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করতে হবে।
- (৮) শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে শ্রেণীকৃত/খেলাপী ঋণ আদায় বৃদ্ধিকরণঃ শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদ করণসহ তাঁদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৯) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধঃ তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ এবং তামাদি রোধ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে তামাদি ঋণের সংখ্যা ও পরিমাণ ৩০-০৬-২০২১ তারিখের তুলনায় উল্লেখযোগ্যভাবে হ্রাসকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- (১০) ভুয়া ঋণ আদায়ঃ চিহ্নিত ভুয়া ঋণসমূহের সাক্ষী, সনাক্তকারী ও জামিনদারদের উপর সামাজিক চাপ সৃষ্টিসহ আইনগত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ভুয়া ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (১১) সকল কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ ১৬ নভেম্বর, ২০২১ তারিখে সকল শাখায় একযোগে নবান্ন উৎসবের মূল অনুষ্ঠান এবং ০১ ডিসেম্বর, ২০২১ তারিখে মহাক্যাম্পের আয়োজন করবেন। উক্ত অনুষ্ঠান এবং মহাক্যাম্প স্থানীয় প্রশাসনের সর্বোচ্চ নির্বাহী, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে। অনুষ্ঠান আয়োজনে কোভিড-১৯ নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত কোভিড-১৯ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(১২) নবান্ন উৎসব উপলক্ষ্যে বর্ণিত নমুনা অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা/শাখায় “৬ ফুট× ২½” ফুট মাপের ব্যানার (সবুজ কাপড়ের উপর সাদা লেখা সম্বলিত) টানাতে হবে।

	অগ্রহায়ণ মাসঃ নবান্নের মাস নবান্ন উৎসব ১৬ নভেম্বর থেকে ০১ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক শাখা।
---	--

(১৩) “নবান্ন উৎসব” কর্মসূচিকে সাফল্যমন্ডিত করার জন্য ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং শাখাসমূহে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করতে হবে।

(১৪) বিআরপিডি-০৫ তারিখ ১৬-০৫-২০১৯ এর আওতায় পুনঃতফসিলকৃত ঋণসমূহের নিয়মিত কিস্তি তদারকীর মাধ্যমে আদায় এবং Exit Policy এর আওতায় মওকুফকৃত ঋণসমূহ ডিসেম্বর/২১ এর মধ্যে আদায় নিশ্চিত করাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন। যা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের বিভাগাধীন কর্পোরেট শাখা ও মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহ কর্তৃক “নবান্ন উৎসব” উপলক্ষ্যে আয়োজিত ঋণ আদায় মহাকাব্যম্পে অর্জন সংক্রান্ত তথ্যাদির সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৬-১১-২০২১ এবং ০১-১২-২০২১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ই-মেইলযোগে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৬। “নবান্ন উৎসব” কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বিভাগাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাগণকে অঞ্চলাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, সময় ও মেধাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত মাঠকর্মীর সাথে এ সকল কর্মকর্তাগণকে সম্পৃক্ত করবেন।


০৭। “নবান্ন উৎসব” কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাকাব্যম্পে উপস্থিত থেকে মাঠকর্মীদের উদ্বুদ্ধ করবেন।

০৮। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে শ্রেণীকৃত ঋণ (CL), শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) এবং পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ১৬ নভেম্বর থেকে ০১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত “নবান্ন উৎসব” উপলক্ষ্যে আয়োজিত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(চানু গোপাল ঘোষ)

উপব্যবস্থাপনা পরিচালক-১

ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২১-২০২২/৩৩৭(১২৫০)

তারিখ : ০২-১১-২০২১ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।


০৩। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৪। সচিব, পর্যদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।

০৭। নথি/মহানথি।


(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)

উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ ১৬-১১-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত “নবান্ন” অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা।

ক্রঃ নং	বিভাগের নাম	আমানত সংগ্রহ	ঋণ বিতরণ	ঋণ আদায়				সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা	পুনঃতফসীলকৃত ঋণ(শ্রেণীযোগ্য- ১,২ ও বিত্তীয় ব্যতীত)	৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা	অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা	বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত হিসাব থেকে আদায়
				শ্রেণীকৃত ঋণ	শ্রেণীযোগ্য-১ ঋণ	শ্রেণীযোগ্য-২ ঋণ	বিত্তনের আওতায় আদায়যোগ্য ঋণ					
১	২	৩	৪	৫	৬	৭		৯		১০	১১	১২
১	ঢাকা	৩০.০০	৫২০.০০	৯৫.০০	২২০.০০	১৬০.০০	৫০.০০	৫২৫.০০	১০০.০০	২০.০০	৭.০০	২০.০০
২	ময়মনসিংহ	১০.০০	৩৪০.০০	৩৫.০০	৩৫.০০	২১০.০০	১০০.০০	৩৮০.০০	২০০.০০	১২.০০	০.৫০	৬.০০
৩	চট্টগ্রাম	১০.০০	৩০০.০০	৫৫.০০	১৭০.০০	৫৫.০০	৫.০০	২৮৫.০০	১০.০০	৭.০০	২.৫০	৪০.০০
৪	কুমিল্লা	১০.০০	৩৪০.০০	১৫.০০	৫৫.০০	৮০.০০	৬০.০০	২১০.০০	৭৫.০০	১০.০০	১.২০	৭.০০
৫	সিলেট	১০.০০	২১৫.০০	৭.০০	১৫.০০	১০.০০	২০.০০	৫২.০০	৩৫.০০	৪.০০	০.৬০	৩.০০
৬	খুলনা	১০০.০০	৪৭০.০০	২০.০০	১৫.০০	১১৫.০০	৪০.০০	১৯০.০০	৭.০০	৪.০০	২.০০	৪.০০
৭	কুষ্টিয়া	৬০.০০	৪০০.০০	১২.০০	১.০০	৬০.০০	১৫.০০	৮৮.০০	১.০০	৩.০০	০.২০	৪.০০
৮	বরিশাল	৫৫.০০	৩২৫.০০	৯.০০	৬৫.০০	৪৫.০০	৭০.০০	১৮৯.০০	৬০.০০	৬.০০	০.৭০	০.৫০
৯	ফরিদপুর	৬৫.০০	৩২০.০০	৪.০০	১০.০০	৮০.০০	৩০.০০	১২৪.০০	৫০.০০	২.০০	০.৩০	২.০০
১০	এলাপিও	১০০.০০	৪৭০.০০	১০.০০	৩৮৫.০০	২১০.০০	০.০০	৬০৫.০০	০.০০	২২.০০	০.৪০	১৩.৫০
	সর্বমোট :	৪৫০.০০	৩৭০০.০০	২৬২.০০	৯৭১.০০	১০২৫.০০	৩৯০.০০	২৬৪৮.০০	৫৩৮.০০	৯০.০০	১৫.৪০	১০০.০০

(মোঃ মাহমুদুল হাসান ভূঁইয়া)

মুখ্য কর্মকর্তা

(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)

সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়-----।

পরিশিষ্ট-“১”

বিষয়ঃ ১৬ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত 'নবান্ন উৎসব' অনুষ্ঠানের দিন আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

ক্রঃ নং	কম্পিউট নাম/স্থান/ অঞ্চল/ অঞ্চলের নাম	আমানত সংগ্রহ		ঋণ বিতরণ		শ্রেণীকৃত ঋণ		শ্রেণীযোগ্য ঋণ-১		শ্রেণীযোগ্য ঋণ-২		বিস্তারিত আওতাধীন আদায়যোগ্য স্বল্পমেয়াদী কৃষি ঋণ		মোট ঋণ আদায়		পুনঃতফসিলিকৃত ঋণ (শ্রেণীযোগ্য-১,২ ও বিষণ্ন ব্রাহ্মণ)		৫২- স্থগিত সুদ আদায়		অবশোধিতকৃত ঋণ		বিভাগসিদ্ধি-০৫ এর অভ্যন্তরীণ মন্তব্যকৃত ঋণ	
		লক্ষ্যমাত্রা	পরিমাণ	হার	পরিমাণ	লক্ষ্যমাত্রা	অর্জন	নিয়মিত ঋণ	পুনঃতফসিলিকৃত ঋণ	নিয়মিত ঋণ	পুনঃতফসিলিকৃত ঋণ	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন	লক্ষ্যমাত্রা	অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
০		০.০০		০%	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০

১০১

১০১